দৈনিক বাংলা

তারিখ 29 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

### প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন

# আজ ঢাকায় সার্ক মহিলা মন্ত্রী পর্যায়ের বৈঠক

দক্ষিণ এশিয়ার মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে দু'দিনব্যাপী সার্কমন্ত্রী পর্যায়ের বৈঠক আজ শনিবার ঢাকায় শুরু হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দু'দিনব্যাপী এ সম্মেলনের উদ্বোধন করবেন। খবর ইউএনবি'র।

সার্কভুক্ত ৭টি দেশের সদস্যরা এই সম্মেলনে অংশ নেবেন। এই সম্মেলনে সমাজের সকল স্তরে, বিশেষ করে সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে মহিলাদের অধিকার তুলে ধরে 'ঢাকা প্রস্তাব' গ্রহণ করা হবে।

ঢাকা প্রস্তাবে দেশগঠন ও অর্থনৈতিক তৎপরতায় মহিলাদের অংশগ্রহণের দিক-নির্দেশনা তুলে ধরা হবে বলে আশা করা হচ্ছে।

১৯৮৫ সাল থেকে ঢাকায় সার্কের

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## আজ ঢাকায় সার্ক মহিলা মন্ত্রী

প্রথম কার্যক্রম শুরু হয়েছিল এ অঞ্চলের একশ' কোটি মানুষের আর্থ-সামাজিক অবস্থার অধিকতর উন্নয়নের লক্ষ্যে। এই একশ' কোটি মানুষের ৫০ ভাগই মহিলা।

স্বাগতিক দেশের মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী বেগম সারওয়ারী রহমান সবগুলি অধিবেশনে সভাপতিত্ব করবেন।

আগামী সেপ্টেম্বরে বেইজিং-এ অনুষ্ঠিতব্য চতুর্দশ বিশ্ব নারী সম্মেলনের পূর্বে সার্ক দেশের মন্ত্রী পর্যায়ের মহিলা বিষয়ক এই বৈঠক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এই সম্মেলনে অংশগ্রহণের জন্য ভুটানের পরিকল্পনামন্ত্রী লাইনোপো সি দোরজি, নেপালের শিক্ষা সংস্কৃতি ও সমাজকল্যাণমন্ত্রী মদনাথ পরাশরিত এবং ভারতের মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী বাসর রাজেশ্বরী শুক্রবার ঢাকা এসে পৌছান। সম্মেলনে তারা নিজ নিজ দেশের পক্ষে নেতৃত্ব দেবেন।

শ্রীলঙ্কার যোগাযোগ, পরিবেশ ও মহিলা বিষয়ক মন্ত্রী শ্রীমানি আথুলাথমুদালি শুক্রবার রাতে ঢাকা এসে পৌছাবেন। মালদ্বীপের যুব, মহিলা ও ক্রীড়া মন্ত্রণালয়ের মহাপরিচালক আহমদ সেলিম এবং পাকিস্তানের মহিলা উন্নয়ন সচিব সালমা ওয়াহেদ তাদের নিজ নিজ দেশের পক্ষে নেতৃত্ব দেবেন।

সার্কের মহাসচিব ভিকে সিলওয়ালও সম্মেলনে অংশগ্রহণ করবেন।

অংশগ্রহণকারী দেশের প্রতিনিধিদলের প্রধানরা রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন। এছাড়া তারা কিছু মহিলা উন্নয়ন প্রকল্পও পরিদর্শন করবেন।